



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-9294117-21, 9264118, 9264127, 9264154, 9264165, Fax: 880-2-9261110

E-mail: dg@brii.gov.bd; brrihq@yahoo.com. Website: www.brii.gov.bd

পত্র নং-সি-৪১৩/৯৩/২৩২

তারিখঃ বঙ্গাব্দ-২৭/০১/১৪২২
খ্রিস্টাব্দ-১০/০৫/২০১৫

বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধান

-----বি।

বিষয়ঃ দেশব্যাপী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আওতায় সরকারি কর্মকর্তাদের মধ্যে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণের লক্ষ্যে প্রদত্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ প্রসঙ্গে।

স্মারক নং- ৫৬.০০.০০০০.০০১.১৪.০৪৮.১৩-২৪০ তারিখঃ ১৮/০৫/২০১৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইলেকট্রনিক নথি ব্যবস্থাপনা ব্যবহারের জন্য সরকারী দপ্তরসমূহে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ কর্মসূচির আওতায় সরকারি কর্মকর্তাদের মধ্যে বিনামূল্যে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণের উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ১ম পর্যায়ে ৫৩ জন জ্যেষ্ঠ বিজ্ঞানীকে বিনামূল্যে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রদান করেছে। এর অংশ হিসাবে ২য় পর্যায়ে অবশিষ্ট সকল প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) এবং উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) কে বিনামূল্যে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। এর নিমিত্তে উল্লেখিত বিজ্ঞানীগণ কর্তৃক ই-মেইল, ফোন নাম্বার, দপ্তরের নাম ও বর্তমান ঠিকানাসহ যথাযথভাবে ফরম পূরণ ও স্বাক্ষরপূর্বক ছবি সংযুক্ত করে আগামী ১৪-০৫-২০১৫ তারিখের মধ্যে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ডিজিটাল স্বাক্ষর আবেদন ফরম (সংযুক্তি-১) এবং আবেদন ফরম পূরণের নির্দেশাবলী (সংযুক্তি-২, ৩) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, আপনার বিভাগের বিজ্ঞানীগণের পূরণকৃত ফরম, নিজ স্বাক্ষর ও ছবির উপর নিজের সত্যায়নপূর্বক এবং ভোটার আইডি কার্ড অথবা পাসপোর্টের সত্যায়িত কপি সংযুক্তসহ তথ্যাবলি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে,

- এ বিষয়ে ২য় কোন চিঠি প্রদান করা হবে না।
- ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ব্যক্তিগতভাবে সংগ্রহ করতে প্রায় ৩৫০০-৪০০০ টাকার প্রয়োজন হয়; যা বিনামূল্যে প্রদান করা হবে।
- উক্ত আবেদন ফরম ব্রি'র ওয়েবসাইটের ডাউনলোড পেজ থেকেও ডাউনলোড করা যাবে।
- বিষয়টি অতীব জরুরী।

(ড. মোঃ ইসমাইল হোসেন)

পিএসও এবং বিভাগীয় প্রধান

ও

আইসিটি ফোকাল পয়েন্ট

কৃষি পরিসংখ্যান বিভাগ

মোবাইল-০১৭১৬১২৪৯৪৩

ই-মেইল: head.stat@brii.gov.bd

অনুলিপি :

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ২। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি-গাজীপুর।
- ৩। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি-গাজীপুর।
- ৪। কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা, ব্রি-গাজীপুর।
- ৫। সংশ্লিষ্ট নথি।

